

## 💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ যাকাত

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৩৭৩) সাদ্কার নিয়তে বেশি করে ফিতরা আদায় করা জায়েয হবে কী?

উত্তর: হ্যাঁ, বেশি করে ফিতরা আদায় করা জায়েয। ফিতরার অতিরিক্ত বস্তু সাদকার নিয়তে প্রদান করবে। যেমন, আজকাল বহু লোক এরপ করে থাকে। মনে করুন একজন লোক দশ জনের ফিতরা আদায় করবে। এ উদ্দেশ্যে সে এক বস্তা চাউল খরিদ করে, যাতে দশ জনের অধিক ব্যক্তির ফিতরা আদায় করা যাবে। অতঃপর তা নিজের পক্ষ থেকে এবং নিজ পরিবারের পক্ষ থেকে আদায় করে। এটা জায়েয; যদি নিশ্চিতভাবে জানা যায় যে, নির্দিষ্ট পরিমাণ বা তার চাইতে বেশি চাউল আছে। বস্তার মধ্যে নির্দিষ্ট ফিতরার পরিমাপ যদি জানা যায় তবে তা আদায় করাতে কোনো দোষ নেই।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=905

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন